[illegible]

[illegible]

Job Category: Teaching/Academics

Job Source: [illegible]

Job Summary

Posted On: 17 Aug 2025

Application Deadline:7 Sep 2025

নিয়োগ বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়ের 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০২১' ও এর সর্বশেষ পরিমার্জন অনুযায়ী এবং সর্বশেষ সরকারি বিধি/পরিপত্র ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক শহীদ মুক্তিযোদ্ধা মহাবিদ্যালয়, তালা, সাতক্ষীরা এর শূন্যপদে উল্লেখিত সংখ্যক জনবল নিয়োগ করা হবে। (১) পদের নাম ও ধরণ ঃ- উপাধ্যক্ষ, শূন্যপদ,এমপিও ভুক্ত পদ, পদের সংখ্যা- ০১ জন, বেতন গ্রেড-০৫(৪৩০০০-৬৯৮৫০/-), নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (নূন্যতম)- স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রী/সমমান (সমগ্র শিক্ষাজীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না), অভিজ্ঞতা ও চাকুরীতে প্রবেশের বয়স সীমা- উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/উচ্চ মাধ্যমিক কলেজের অধ্যক্ষ/ডিগ্রী কলেজের উপাধ্যক্ষ পদে এম.পি.ও ভুক্ত হিসেবে কর্মরত অথবা এম.পি.ও ভুক্ত হিসেবে জ্যেষ্ঠ প্রভাষক/সহকারী অধ্যাপক পদে নূন্যতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ মোট ১২ (বার) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। (২) পদের নাম ও ধরণ ঃ- ল্যাব সহকারী (রসায়ন), শূন্যপদ,এমপিও ভুক্ত পদ, পদের সংখ্যা- ০১ জন, বেতন গ্রেড- ১৮ (৮৮০০-২১৩১০/-), নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (নূন্যতম)- বিজ্ঞান বিভাগ হতে ২য় শ্রেণিসহ এসএসসি/সমমান পাশ, অভিজ্ঞতা ও চাকুরীতে প্রবেশের বয়স সীমা- অনুর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)। (৩) পদের নাম ও ধরণঃ- ল্যাব সহকারী (জীববিজ্ঞান), শূন্যপদ,এমপিও ভুক্ত পদ, পদের সংখ্যা- ০১ জন, বেতন গ্রেড- ১৮(৮৮০০-২১৩১০/-), নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (নূন্যতম)- বিজ্ঞান বিভাগ হতে ২য় শ্রেণিসহ এসএসসি/সমমান পাশ, অভিজ্ঞতা ও চাকুরীতে প্রবেশের বয়স সীমা- অনুর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)। (৪) পদের নাম ও ধরণ ঃ- আয়া, শূন্যপদ,এমপিও ভুক্ত পদ, পদের সংখ্যা- ০১ জন, বেতন গ্রেড-২০(৮২৫০-২০০১০/-), নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (নূন্যতম)- জে.এস.সি/জে.ডি.সি/ সমমান পাশ, অভিজ্ঞতা ও চাকুরীতে প্রবেশের বয়স সীমা- অনুর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)। আগ্রহী প্রার্থীদের ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ও অভিজ্ঞতার সকল কাগজপত্রের সত্যায়িত কপি, এনআইডি এবং অন্যান্য ডকুমেন্টস এর সত্যায়িত কপি সংযুক্ত করে আবেদন করতে হবে। অভিজ্ঞতালব্ধ পদের ক্ষেত্রে চাকরির ধারাবাহিকতা ও অভিজ্ঞতা প্রমাণের জন্যে প্রয়োজনীয় সংখ্যক এমপিও কপি এবং একাধিক প্রতিষ্ঠানে চাকুরী করে থাকলে প্রত্যেক প্রতিষ্ঠানের ১ম ও শেষ এমপিও কপি প্রদান করতে হবে। একাধিক পদে চাকুরীর ক্ষেত্রে প্রত্যেক পদের ১ম ও শেষ এমপিও কপি থাকতে হবে। পূর্বতন প্রতিষ্ঠানে চাকুরীকালে প্রার্থীর বিরুদ্ধে চারিত্রিক, আর্থিক ও শৃঙ্খলা সংক্রান্ত কোন অভিযোগ নেই মর্মে প্রার্থীর নিজের হলফনামা আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। সর্বশেষ কর্মরত প্রতিষ্ঠানের অনাপত্তিপত্র আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। আবেদন পত্রে সংযুক্ত তালিকা লিখতে হবে। অধ্যক্ষ, শহীদ মুক্তিযোদ্ধা মহাবিদ্যালয়, তালা, সাতক্ষীরা বরাবর আবেদনপত্রের খাম বন্ধ করে খামের উপরে পদের নাম উল্লেখপূর্বক রেজিঃ ডাকযোগে প্রেরণ করতে হবে অথবা সরাসরি উপস্থিত হয়ে জমা দিতে হবে। আবেদনের সাথে আবেদন ফি (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার) প্রযোজ্য নয়। আবেদন পৌঁছানোর বা দাখিলের সর্বশেষ তারিখ ও সময় ঃ ০৭/০৯/২০২৫ ইং তারিখ বিকাল ৫:০০ ঘটিকা। সর্বশেষ সরকারি বিধি/পরিপত্র ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রয়োজনীয় সকল যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য প্রমানকসহ সকল কাগজপত্রের সত্যায়িত কপি আবেদন পত্রের সাথে প্রেরণ করতে হবে।

অধ্যক্ষ, শহীদ মুক্তিযোদ্ধা মহাবিদ্যালয়, তালা, সাতক্ষীরা।